উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ
ঋষি বঙ্কিম সরনী, বারাসাত।

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের ফেরীঘাট নিম্নলিখিত স্থানে নীলাম ডাকের ব্যবস্থা করা হয়েছে।

দ্বিতীয় ডাক

ক্রমিক	ফেরীঘাট	পঞ্চায়েত সমিতি	সর্বনিম্নডাকের অর্থের পরিমান	আমানতের অর্থ	মেয়াদ	স্থান, তারিখ ও সময়
১	সন্দেশখালি ফেরী	সন্দেশখালি -২	৯,৭৮,৩৫৮.০০	৯৭,৮৩৬.০০	দখলনামা দেওয়ার দিন ১৫/০৪/১৪ থেকে ১৪/০৪/১৫ পর্যন্ত।	সন্দেশখালি -২ **পঞ্চায়েত সমিতি**, ১২/০২/১৪., সময় ১২-০০টা

*খেয়াঘাটের শর্তাবলী এবং ঘাট পারাপারের জন্য প্রদেয় অর্থের তালিকা সংযোজিত হলো।

*আমানতের টাকা **"NORTH 24 PARGANAS ZILLA PARISHAD"**

এই নামে যে কোন ব্যাঙ্কের '**BANK DRAFT**' নীলাম ডাকের সময় জমা দিতে হবে।

*ভোটের সচিত্র পরিচয় পত্রের জেরক্স ডাকের সময় জমা দিতে হবে।

অপর নির্বাহী আধিকারিক ২১/০১/২০১৪
উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

স্মারক নং ৬৮(১৪)/এন.জেড.পি. তাং- ২২/০১/২০১৪

পত্রের অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলোঃ-

১) অধ্যক্ষ, জেলা কাউন্সিল, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

২) কর্মাধ্যক্ষ, ... উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

৩) সচিব, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ। ৪) উপ-সচিব, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ। ৫) অর্থ নিয়ন্ত্রক ও মুখ্য গনন আধিকারিক, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ। ৬) মহকুমা শাসক, ...। (৭) জেলা বাস্তুকার, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

৮) সভাপতি, ... পঃ সমিতি, উত্তর ২৪ পরগনা জেলা।

৯) নির্বাহী আধিকারিক, ... পঞ্চায়েত সমিতি, পত্রে উল্লেখিত দিন, সময় ও স্থানে নীলামডাকের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আপনার পঞ্চায়েত সমিতির মধ্যে যেসকল খেয়াঘাট ও পুকুরঘাটের নীলামডাকের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সংবাদ সংশ্লিষ্ট সকল প্রধান মহাশয়ের গোচরে আনার এবং সংশ্লিষ্ট খেয়াঘাট ও পুকুরঘাটগুলিতে পরিষদের প্রেরিত বিজ্ঞাপনটি টাঙানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি ব্যাপকভাবে প্রচারের জন্য।

১০) আপ্ত সহায়ক, সভাধিপতি, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

১১) আপ্ত সহায়ক, অপর নির্বাহী আধিকারিক, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

১২) সহঃবাস্তুকার, উত্তর ২৪ পরগনা জেলাপরিষদ, আপনাকে নীলামডাকের দিন উপস্থিত থাকার অনুরোধ করছি। এছাড়াও সমস্ত খেয়াঘাট এবং পুকুরঘাটের সন্নিকট অঞ্চলে মাইক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। সংশ্লিষ্ট খরচের বিল অত্র অফিসে পাঠালে প্রদান করা হবে।

১৩) .... আপনি পরিষদের .... খেয়াঘাটের ইজারাদার। পত্রে উল্লেখিত সূচিনুযায়ী নীলামডাক নির্ধারিত হয়েছে। আপনি ইচ্ছুক থাকলে ডাকে অংশগ্রহণ করতে পারেন।

১৪) .... আপনি ইচ্ছুক থাকলে ডাকে অংশগ্রহণ করতে পারেন।

১৫) .... আপনার অবগতির জন্য।

অপর নির্বাহী আধিকারিক ২১/০১/২০১৪
উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

উত্তর ২৪ পরগণা জেলা পরিষদ
ঋষি বঙ্কিম সরণী,বারাসাত

বিজ্ঞপ্তি

উত্তর ২৪ পরগণা জেলা পরিষদ এর অধীনস্ত ফেরীঘাট সমূহের সংশোধিত ভাড়ার তালিকা

ক্রমিক নং	ফেরীঘাট সমূহের নাম	পঞ্চায়েত সমিতির নাম	পারাপারের মূল্য
১	তারাগুনিয়া ফেরীঘাট	বাদুড়িয়া	১ (এক)টাকা
২	লক্ষ্মীনাথপুর ফেরীঘাট	বাদুড়িয়া	১ (এক)টাকা
৩	বাজিতপুর ফেরীঘাট	বাদুড়িয়া	১ (এক)টাকা
৪	স্বরুপনগর ফেরীঘাট	স্বরুপনগর	১ (এক)টাকা
৫	তরনীপুর-শ্রীনাথপুর ফেরীঘাট	স্বরুপনগর	১ (এক)টাকা
৬	গোকুলপুর ফেরীঘাট	স্বরুপনগর	১ (এক)টাকা
৭	তেলিয়া ফেরীঘাট	হাড়োয়া	১ (এক)টাকা
৮	ইটিন্ডা ফেরীঘাট	বসিরহাট-১	১ (এক)টাকা
৯	ভবানীপুর ভুরকুন্ডা ফেরীঘাট	হাসনাবাদ	১ (এক)টাকা
১০	বিশপুর ফেরীঘাট	হিঙ্গলগঞ্জ	১ (এক)টাকা
১১	বেড়মজুর ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১২	সন্দেশখালি ফেরীঘাট	সন্দেশখালি-২	১ (এক)টাকা
১৩	সাতকেওড়া, জেলিয়াখালি চর বিদ্যাধরী ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১৪	জেলিয়াখালি দ্বারিক জঙ্গল ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১৫	ভোলাখালি বৌ ঠাকুরানী ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১৬	বড় সেহারা ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১৭	রায়পুর ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১৮	ঘটিহারা ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
১৯	বাউনিয়া ফেরীঘাট	সন্দেশখালি-১	১ (এক)টাকা
২০	পারঘাটা ফেরীঘাট	হাসনাবাদ	১ (এক)টাকা
২১	বাগুলানি ফেরীঘাট	বনগাঁ	১ (এক)টাকা
২২	ভুলাট ফেরীঘাট	বনগাঁ	১ (এক)টাকা
২৩	মোল্লাহাটি ফেরীঘাট	বনগাঁ	১ (এক)টাকা
২৪	বাগান গ্রাম ফেরীঘাট	বনগাঁ	১ (এক)টাকা
২৫	কচিকাটা ফেরীঘাট	বনগাঁ	১ (এক)টাকা
২৬	বাজিতপুর ফেরীঘাট	বনগাঁ	১ (এক)টাকা

পৃষ্ঠা নং ২ এ সমাপ্ত ....

- নিম্নলিখিত পারাপারের মূল্য উপরের সমস্ত ফেরীঘাট এর ক্ষেত্রে প্রযোজ্য হবে :-

১. যাত্রীসহ সাইকেল (প্রতি) : ২ (দুই) টাকা ।
২. প্রতিটি গবাদি পশু (প্রতিবার) : ৫ (পাঁচ) টাকা ।
৩. আরোহি সহ মোটর সাইকেল (প্রতিবার) : ৪ (চার) টাকা ।
৪. দেড় মণ ওজন পর্য্যন্ত মাল এর বস্তা কিংবা ঝুড়ি : ৩ (তিন) টাকা।

অপর নির্বাহী আধিকারিক
উত্তর ২৪ পরগণা জেলা পরিষদ

স্মারক সংখ্যা : তারিখ :

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল :-

১) সভাধিপতি, উত্তর ২৪ পরগণা জেলা পরিষদ ।

২) সভাপতি, ---------------------- (সকল) উত্তর ২৪ পরগণা জেলা ।

৩) নির্বাহী আধিকারিক,---------------------- (সকল) উত্তর ২৪ পরগণা জেলা ।

৩) প্রধান,---------------------- (সকল) উত্তর ২৪ পরগণা জেলা ।

৪) --

সচীব
উত্তর ২৪ পরগণা জেলা পরিষদ

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ
ঋষি বঙ্কিম সরনী, বারাসাত।

☎ ২৫৫২-৩০০৫

স্মারক নং ৬৭ / এন.জেড.পি. তাং ২২/১/২০১৪

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের অধীনস্থ ফেরিঘাট/মেয়াদী লীজ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নিলামে অংশগ্রহণ করিতে চাহিলে নিম্নে বর্ণিত শর্তাবলী মেনে অংশগ্রহণ করিতে বাধ্য থাকিবেন।

শর্তাবলী

১) নীলাম ডাকের সময় নীলাম মুল্যের ১০ শতাংশ হারে আর্নেস্ট মানি হিসাবে **Bank Draft, "North 24 Parganas Zilla Parishad"**- এই নামে **Payable at Kolkata** হিসাবে যে কোন জাতীয় ব্যাঙ্কের **Bank Draft** জমা দিতে হবে। এটি নীলামে অসফল ব্যক্তিদের জন্য ফেরৎ যোগ্য।

২) নিলামে অংশগ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তি নিলামের দিন সংশ্লিষ্ট ফেরীঘাট -এর নাম উল্লেখ করে উক্ত ব্যাঙ্কড্রাফট এবং ডাকদাতার সচিত্র ভোটার পরিচয় পত্রের/ প্যান কার্ডের প্রত্যয়িত জেরক্স কপি দপ্তরে জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করিবেন। উল্লেখ থাকে যে, ডাকদাতাগনের কোনও প্রতিনিধি বা স্থলাভিষিক্তগনকে উক্ত নিলাম ডাকে অংশগ্রহন করিতে দেওয়া হইবে না।

৩) নিলাম কার্য সম্পাদনের পর ডাকের সমুদয় টাকার ২৫ শতাংশ উক্ত দিন জেলা পরিষদে নগদে অথবা **Account Payee Cheque**-এ প্রদান করতে হবে। অর্থ জমা দেবার ৭টি কাজের দিনের মধ্যে নির্বাচিত ডাকদাতা ডাকের ৭৫ শতাংশ টাকা (আর্নেস্ট মানি ব্যাতিরেকে) পরিষদ ভবনে এককালীন ব্যাঙ্কড্রাফটে প্রদান করিতে বাধ্য থাকিবেন, অন্যথায় তাঁহার ডাক বাতিল ও অগ্রাহ্য হইবে এবং তাঁহার দ্বারা জমাকৃত টাকা নোটিশ ব্যতিরেকে বাজেয়াপ্ত হইবে। পর্যায়ক্রমে সমস্ত নিলামডাকদাতাদের টাকা (যাহা কোনও অবস্থাতেই জেলা পরিষদের স্থির করা ন্যূনতম অর্থের কম হইবে না)জমা দেবার জন্য বলা হবে। যদি তাঁহারা ডাকে সমুদয় টাকা (আর্নেস্ট মানি ব্যাতিরেকে) পরবর্তী ৭টি কাজের দিনের মধ্যে পরিশোধ করিতে না পারেন তাহা হইলে পর্যায়ক্রমে সমস্ত ডাকদাতাদের জমাকৃত টাকা বাজেয়াপ্ত হইবে এবং জেলা পরিষদ উক্ত ডাকটি বাতিল ও নামঞ্জুর বলিয়া ঘোষণা করিতে পারেন এবং ঐ ডাকটি পূনঃনিলাম করিতে পারেন। প্রয়োজনে পরিষদ ঘাটটির নিকটবর্তী অঞ্চলে প্রচারের মাধ্যমে স্পট অকশন করিতে পারিবেন। প্রয়োজনে জেলা পরিষদ স্থানীয় পঞ্চায়েত/পঞ্চায়েত সমিতি পরিষদের সহিত একযোগে উক্ত কার্য পরিচালনা করিবেন।যে সকল ডাকাদাতা সুযোগ প্রদান সত্ত্বেও তাঁহাদের ডাকে সমুদয় টাকা প্রদান করিতে অসমর্থ হইয়াছেন তাঁহাদেরকে পুনরায় ঐ একই ডাকে অংশগ্রহন করিতে দেওয়া হইবে না এবং এই ব্যাপারে তাঁহাদের কোনও ওজরআপত্তিও গ্রাহ্য হইবে না।

৪) ডাকের সমুদয় টাকা সফল ডাকদাতাকে এককালীন পরিশোধ করিতে হইবে।

৫) নিলামে ব্যাঙ্ক ড্রাফটসহ অংশগ্রহণ করার পর যদি ডাকদাতা/ডাকদাতার কোন ডাক/দর দিতে অস্বীকার করেন তাহলে ডাকের বাধাদানের অপরাধে সমস্ত ডাকদাতাদের জমাকৃত আর্নেস্ট মানির সমুদয়টাকা বাজেয়াপ্ত হইবে। এই ব্যাপারে তাঁহাদের কোন ওজর/আপত্তি গ্রাহ্য হইবে না।

৬) ডাক মঞ্জুর হইবার পর তাহার দর হ্রাস করিবার প্রার্থনা কখনই বিবেচিত হইবে না।

৭) লিজ-এর সমুদয় অর্থ জমা করিবার ৩ দিনের মধ্যে ডাকদাতা/লিজ গ্রহীতা তাঁহার নিজ খরচে পরিষদের সহিত চুক্তিপত্র সম্পাদন করিতে বাধ্য থাকিবেন। তাঁহার জমাকৃত সমস্ত টাকা (আরনেস্টমানিসহ) বাজেয়াপ্ত করা হবে এবং পরিষদ উক্ত ডাকটি বাতিল করে পুনরায় নিলাম ডাকের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৮) ইজারাকৃত ফেরীঘাটটির পরিচালনা কোনও অবস্থাতেই ইজারাদার ব্যতীত অন্য কোন ব্যক্তি বা সংস্থা করিতে পারিবে না।

৯) সংশ্লিষ্ট ফেরী ঘাটের ক্ষেত্রে জেলা পরিষদের নির্ধারিত রেট অনুযায়ী অনুমোদিত রেট বোর্ড ইজারাদারকে নিজ খরচে ঘাটের উভয় পার্শ্বে অবশ্যই টাঙিয়ে রাখিতে হইবে এবং সেই অনুযায়ী টোল আদায় করিতে ইজারাদার বাধ্য থাকিবে।

১০) খেয়াঘাটের দুপাশে ইজারাদারকে নিজ খরচায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করিতে হইবে ও চিহ্নিত করতে হবে।

১১) বড় নদীর ফেরীঘাট কমপক্ষে দুটি নৌকার ব্যবস্থা রাখিতে হইবে।

১২) ফেরী সার্ভিস সকাল ৫টা থেকে রাত্রি ৯টা পর্যন্ত খোলা রাখিতে হইবে।

১৩) ইজারার মেয়াদ উত্তীর্ণ হইবার পর ফেরিঘাটের পূর্ণ খাস দখল জেলা পরিষদের অনুকূলে বর্তাইবে। কিন্তু কোন প্রশাসনিক কারণে পরিষদ উক্ত ঘাটটি পুনরায় নিলাম করিতে অসমর্থ হইলে পূর্ববর্তী ইজারাদার উক্ত ঘাটটির জন্য পরবর্তী ইজারাদারের দখল গ্রহণ পর্যন্ত জেলা পরিষদের নির্দেশ মোতাবেক ইজারাদার হিসাবে নিযুক্ত থাকিবেন এবং ইজারার টাকার উপর হারাহারি হারে অর্থ পরিষদের অনুকূলে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৪) ফেরি ঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখিবার দায়িত্ব ইজারাদারের। পরিচ্ছন্নতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পঞ্চায়েতের কোন নিয়মাদি থাকিলে তাহা ইজারাদার স্থানীয় নিয়ম হিসাবে পালন করিবেন।

১৫) বিগত মেয়াদকালের জন্য যে সমস্ত ইজারাদার জেলা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ডাকের টাকা পরিশোধ করেননি তাঁহারা পুনরায় কোনও ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন না।

উপরিউক্ত শর্তাবলীর কোনরূপ পরিবর্তন বা পরিবর্ধনের সকল ক্ষমতা পরিষদের পক্ষে সভাধিপতি মহোদয় প্রয়োগ করিতে পারিবেন।

22/1/14

নির্বাহী বাস্তুকার

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

District Engineer &
Executive Engineer
N-24 Parganas Z.P.